

ক্যান্টনমেন্ট বোর্ড  
ঢাকা ক্যান্টনমেন্ট।  
=====

১৯৯২ ইং সনের ১৮ ই এপ্রিল বেলা ১০-০০ ঘটিকায় অনুষ্ঠিত ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড সভার কার্য বিবরণী।  
=====

প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড এর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় সদস্যবর্গের উপস্থিতি ছিল নিম্নরূপ :-

১।	কর্ণেল মনিরুজ্জামান খান, পিএসসি, ফেটশন কমান্ডার, ঢাকা সেনানিবাস।	- প্রেসিডেন্ট	- উপস্থিত।
২।	এস, ই, এম, ও, সি, এম, এইচ, ঢাকা সেনানিবাস।	- সদস্য	- উপস্থিত।
৩।	অধিনায়ক, প্রশাসনিক শাখা, বি, এ, এক, বেস বাশায়, ঢাকা সেনানিবাস।	- সদস্য	- অনুপস্থিত।
৪।	কমান্ডিং অফিসার, বি, এন, এ, হাজী মহসিন, ঢাকা সেনানিবাস।	- সদস্য	- উপস্থিত।
৫।	সি, এম, ই, এস(আর্মি), ঢাকা সেনানিবাস।	- সদস্য	- অনুপস্থিত।
৬।	জনাব মেহদী হাসান, <জেলা প্রশাসক, ঢাকা কর্তৃক মনোনীত প্রথম শ্রেণীর ম্যাজিস্ট্রেট >।	- সহস্য	- উপস্থিত।
৭।	জনাব সৈয়দ আজহারুল হক, ৪, সেনানিবাস আবাদিক এলাকা, ঢাকা সেনানিবাস।		- অনুপস্থিত।
৮।	লেঃ কর্নেল(অবঃ) এস, এ, ডব্লিউ, এম, নাজিম হোসেন ডি ও এইচ এস, বনানীর প্রতিনিধি।		- উপস্থিত।
৯।	স্বঃ লেঃ(অবঃ) এ, বি, এম, এ, রুশিদ ডি ও এইচ এস, বনানীর প্রতিনিধি।		- অনুপস্থিত।
১০।	কর্ণেল (অবঃ) বজলুল গনি পাটওয়ারী, বিপি, পিএসসি, ডি ও এইচ এস, মহাখালীর প্রতিনিধি।		- উপস্থিত।
১১।	কমান্ডার (অবঃ) টি, আই, এম, নুরুল নবী ডি ও এইচ এস, মহাখালীর প্রতিনিধি।		- উপস্থিত।
১২।	জ্যাব মোঃ আবদুল করিম, ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট।	- সেক্রেটারী	- উপস্থিত।

উপস্থিত সম্মানিত সদস্যবর্গকে সুাগত জানিয়ে সভাপতি মহোদয় সভার কাজ শুরু করেন। বিস্তারিত আলোচনায় নিম্ন বর্ণিত সিদ্ধান্ত সমূহ সর্ব সম্মতিক্রমে গৃহীত হয় :-

প্রস্তাব নং-১ঃ বিগত সভার কার্য বিবরণী অনুমোদন করণঃ

গত ২০-৩-৯২ ইং তারিখে অনুষ্ঠিত বোর্ড মিটিংয়ের কার্য বিবরণী অনুমোদন করা এবং গৃহীত সিদ্ধান্ত ও কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া।

গৃহীত সিদ্ধান্তঃ

গত ২০-৩-৯২ ইং তারিখে অনুষ্ঠিত বোর্ড মিটিংয়ের গৃহীত সিদ্ধান্ত সমূহ সম্পর্কে অবহিত হয়ে উক্ত সভার কার্য বিবরণী অনুমোদন করা হলো।

স্মারক নং-২ঃ

পার্ক "বি" নির্মাণের সর্বনিম্ন দরপত্র অনুমোদন করণঃ

মহাখালী ডি ও এইচ এস এলাকায় সুল মূল্যের পার্ক "বি" নির্মাণ করণের সর্বনিম্ন দরপত্র অনুমোদন করণ।

হীত সিদ্ধান্তঃ

উপরোক্ত পার্ক নির্মাণের ১, ২৬, ৪১৮\*০০ < এম ই এস সিডিউল অব রেইটস, ১৯৯০ ইং অনুযায়ী টাকার মূল্যানুমানের উপর সর্বনিম্ন দরদাতা মেসার্স খাজা এক্টারপ্রাইজ কর্তৃক প্রদত্ত ৩১\*২৬% নিম্নে দরটি অনুমোদন করা হলো। কাজটি যথাযথ ভাবে তদারকির মাধ্যমে সম্পন্ন করার পর বিল পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হলো।

স্মারক নং-৩ঃ

ডেনের উপর আর সি সি স্নাব নির্মাণের সর্বনিম্ন দরপত্র অনুমোদন করণঃ

মহাখালী ডি ও এইচ এস এলাকায় প্লট নং-বি/১৪৭ এর উত্তর ও পূর্ব পার্শ্বে ডেনের উপর আর, সি, সি, স্নাব নির্মাণ করণের সর্বনিম্ন দরপত্র অনুমোদন করণ।

হীত সিদ্ধান্তঃ

উপরোক্ত স্নাব নির্মাণের ৪১, ৯৯০\*৮৬ < এম ই এস সিডিউল অব রেইটস, ১৯৯০ ইং মোতাবেক> টাকা মূল্যানুমানের উপর সর্বনিম্ন দরদাতা মেসার্স খাজা এক্টারপ্রাইজ কর্তৃক প্রদত্ত ২৯% নিম্নে দরটি অনুমোদন করা হলো।

স্মারক নং-৪ঃ

লেইন নং-৭ মেরামত ও কার্পেটিং করণের সর্বনিম্ন দরপত্র অনুমোদন করণঃ

মহাখালী ডি ও এইচ এস এলাকায় লেইন নং-৭ এর মেরামত ও কার্পেটিং করণের সর্বনিম্ন দরপত্র অনুমোদন করণ।

হীত সিদ্ধান্তঃ

উপরোক্ত কাজের ২, ৯২, ৫৫১\*০০ টাকার < এম ই এস সিডিউল অব রেইটস, ১৯৯০ ইং অনুযায়ী> মূল্যানুমানের উপর সর্বনিম্ন দরদাতা মেসার্স মসকট বিল্ডার্স কর্তৃক প্রদত্ত ২০\*৮৭% নিম্নে দরটি অনুমোদন করা হলো।

স্মারক নং-৫ঃ

রাস্তা মেরামত ও কার্পেটিং করণের দরপত্র অনুমোদন করণঃ

মহাখালী ডি ও এইচ এস এলাকায় প্লট নং-বি/১০৩ হইতে বি/১০৬ পর্যন্ত রাস্তা মেরামত ও কার্পেটিং করণ ও লেইন নং-৯ এর মেরামত ও কার্পেটিং করণের সর্বনিম্ন দরপত্র অনুমোদন করণ।

গৃহীত সিদ্ধান্তঃ

উপরোক্ত কাজের ২, ১৪, ৭৫৮\*০০ টাকা < এম ই এস সিডিউল অব রেইটস, ১৯৯০ ইং অনুযায়ী> মূল্যানুমানের উপর সর্বনিম্ন দর প্রদানকারী মেসার্স প্যারাগন ইন্জিনিয়ার্স এসোসিয়েটস কর্তৃক প্রদত্ত ১৮% নিম্নে দরটি অনুমোদন করা হলো।

স্মারক নং-৬ঃ

লেইন নং-২৫, ২৬ ও ২৭ (আংশিক) পুনঃ সলিং করণের দরপত্র অনুমোদন করণঃ

মহাখালী ডি ও এইচ এস এলাকায় ৩য় ধাপে লেইন নং-২৫, ২৬ এবং ২৭ (আংশিক) পুনঃ সলিং করণের সর্বনিম্ন দরপত্র অনুমোদন করণ।

গৃহীত সিদ্ধান্তঃ

উপরোক্ত কাজের ১, ২৮, ৫৪৫\*০০ টাকার < এম ই এস সিডিউল অব রেইটস, ১৯৯০ ইং মোতাবেক> মূল্যানুমানের উপর সর্বনিম্ন দরদাতা মেসার্স কালাম ট্রেডার্স কর্তৃক প্রদত্ত ২৬% নিম্নে দরটি অনুমোদন করা হলো।

স্মারক নং-৭ঃ

বাজার এলাকার ১৩৮ নং রাস্তা কার্পেটিং করণের দরপত্র অনুমোদন করণঃ

কলকট নমেন্ট বাজার এলাকার রোড নং-১৩৮ কার্পেটিং করণের সর্বনিম্ন দরপত্র অনুমোদন করণ।

গৃহীত সিদ্ধান্তঃ

উপরোক্ত কাজের ৩, ৪২, ১২০\*০০ টাকার < এম ই এস সিডিউল অব রেইটস, ১৯৯০ ইং মোতাবেক> মূল্যানুমানের উপর সর্বনিম্ন দর প্রদানকারী মেসার্স গাঙ্গী এক্স কোং লিঃ কর্তৃক প্রদত্ত ১৮% নিম্নে দরটি অনুমোদন করা হলো।

৩য় পৃঃ দ্রঃ

প্রস্তাব নং-৮ঃ

ড্রেন নির্মাণের মূল্যানুমান অনুমোদন করণঃ

বনানী ডি ও এইচ এস এলাকায় ইফার্প রোডের পূর্ব পাশে ড্রেন নির্মাণ করনের মূল্যানুমান অনুমোদন করণ ।

গৃহীত সিদ্ধান্তঃ

উপরোক্ত ড্রেন নির্মাণের ৮,২৭,৭৫৯.৫৯ টাকার (এম ই এস সিডিউল অব রেইটস, ১৯৯০-ইং মোতাবেক) মূল্যানুমানটি অনুমোদন করা হলো । কাজটি বাসুভায়ন করানোর পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা সিদ্ধান্ত গৃহীত হলো ।

প্রস্তাব নং-৯ঃ

পাম্প মটর মেরামত ও রি-অয়েলডিং করনের দরপত্র অনুমোদন করণঃ

পানির ২০ অশু শক্তির টারবাইন পাম্প মটর মেরামত ও রি-অয়েলডিং করনের সর্বনিম্ন দরপত্র অনুমোদন করণ ।

গৃহীত সিদ্ধান্তঃ

উপরোক্ত কাজের সর্বনিম্ন দরদাতা মেসার্স জয়নাল আবেদীন এক কোং লিঃ কর্তৃক প্রদত্ত ৩৬,০০০.০০ (ছত্রিশ হাজার) টাকার দরপত্রটি অনুমোদন করা হলো ।

প্রস্তাব নং-১০ঃ

টাওয়ার টাইপ লোহার সিঁড়ি নির্মাণের দরপত্র অনুমোদন করণঃ

শহীদ সরণীর সোভিয়াম বাতি রক্ষাবেক্ষন/মেরামতের জন্য চাকার উপরে টাওয়ার টাইপ (স্কাফোল্ডিং) লোহার সিঁড়ি নির্মাণ করনের সর্বনিম্ন দরপত্র অনুমোদন করণ ।

গৃহীত সিদ্ধান্তঃ

উক্ত সিঁড়ি নির্মাণের সর্বনিম্ন দরদাতা মেসার্স সোবহান মোল্লা মেটাল ইন্ডাস্ট্রিজ কর্তৃক প্রদত্ত সিডিউল ও বন-সিডিউল আইটেম সহ ৪৯,২৬১.২৫ টাকার দরপত্রটি অনুমোদন করা হলো ।

প্রস্তাব নং-১১ঃ

এয়ার কন্ডিশন মেরামতের সর্বনিম্ন দরপত্র অনুমোদন করণঃ

ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের একটি এয়ারকন্ডিশন মেরামত ও কমপ্রেসার পরিবর্তনের সর্বনিম্ন দরদাতা গুলশান রেফ্রিজারেশন সার্ভিস এর ১৭,১২৫.০০ টাকার দরপত্রটি অনুমোদন করণ ।

গৃহীত সিদ্ধান্তঃ

মেসার্স গুলশান রেফ্রিজারেশন সার্ভিস কর্তৃক প্রদত্ত ১৭,১২৫.০০ টাকার সর্বনিম্ন দরপত্রটি অনুমোদন করা হলো ।

প্রস্তাব নং-১২ঃ

বিজ্ঞান সম্মত কসাইখানা নির্মাণের প্রস্তাব বিবেচনা করণঃ

ক্যান্টনমেন্ট সুপার মার্কেটে গরু/ছাগল জবাইয়ের জন্য বিজ্ঞান সম্মত কসাইখানা নির্মাণের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন ।

গৃহীত সিদ্ধান্তঃ

বিষয়টি পরবর্তীতে বিশদ আলোচনার মাধ্যমে বিবেচনা করা হইবে বলিয়া সিদ্ধান্ত গৃহীত হলো ।

প্রস্তাব নং-১৩ঃ

টেনিস গ্রাউন্ড এর স্থান নির্বাচন করনের বিষয়ে আলোচনা করণঃ

ময়লা-আবর্জনা ফেলার জন্য টেনিস গ্রাউন্ড এর স্থান নির্বাচন ও এতদ্বিষয়ে অন্যান্য বিস্তারিত আলোচনা করণ ।

গৃহীত সিদ্ধান্তঃ

বিষয়টি পরবর্তীতে বিশদ আলোচনার মাধ্যমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা হইবে বলিয়া সিদ্ধান্ত গ্রহন করা হলো ।

প্রসূাব নং-১৪ঃ ক্যান্টনমেন্ট আবাসিক এলাকার ৬৮ নং বাড়ীর নামানুর করণঃ

ক্যান্টনমেন্ট আবাসিক এলাকা ৬৮ নং প্রটেক্টর ইজারাদার মিসেস খালেদা করিম খান এর মৃত্যুর প্রেক্ষিতে সংশ্লিষ্ট প্লট ও প্রটে নির্মিত বাড়ীটি তাঁহার আটজন ওয়ারিশদের নামে নামানুরের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন। এতদ্ব্যপারে মিসেস খালেদা করিম খানের ওয়ারিশ জনাব মোঃ ফরিদ খানের আবেদন সহ প্রয়োজনীয় কাগজপত্র ও আইন-উপদেষ্টার ২৩-৩-৯২ ইং তারিখের মতামত উপস্থাপন করা হইল।

গৃহীত সিদ্ধান্তঃ

উপরোক্ত প্লট ও প্রটে নির্মিত বাড়ীটি নিম্ন বর্ণিত ৮(আট) জন ওয়ারিশদের নামে প্রয়োজনীয় ফিস জমা সাপেক্ষে অবিভক্ত ও অবিভাজ্য নামানুর করনের অনুমোদন দেওয়া হলোঃ-

- (১) মোহাম্মদ ফারুক খান - পিতা- মরহুম সিরাজুল করিম খান।
- (২) মোহাম্মদ ফিরোজ খান- -ঐ-
- (৩) মোহাম্মদ আজিজ খান - -ঐ-
- (৪) মোহাম্মদ জাফর উম্মেদ খান- -ঐ-
- (৫) মোহাম্মদ নতীফ খান- -ঐ-
- (৬) মোহাম্মদ ফরিদ খান- -ঐ-
- (৭) মোহাম্মদ ইমরান খান- -ঐ-
- (৮) মিসেস আতিকুন্নাহার খান- স্বামী- মরহুম সিরাজুল করিম খান।

প্রসূাব নং-১৫ঃ

ক্যান্টনমেন্ট আবাসিক এলাকার ৯৫ নং বাড়ীর নামানুর করণঃ

ক্যান্টনমেন্ট আবাসিক এলাকার ৯৫ নং (সাবেক সপ প্লট নং-১০) নং প্রটেক্টর ইজারাদার মিসেস মঞ্জুরা বেগম সংশ্লিষ্ট প্লট ও প্রটে নির্মিত বাড়ীটি মিসেস ফাতেমা খাতুন (ডেইজী) এর বিকট হস্তানুর/বিএনয় করার প্রেক্ষিতে নামানুরের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন করা। এতদ্ব্যপারে মিসেস ফাতেমা খাতুন এর আবেদন সহ যাবতীয় কাগজ পত্র এর আইন-উপদেষ্টার ১১-৪-৯২ ইং তারিখের মতামত উপস্থাপন করা হইল।

গৃহীত সিদ্ধান্তঃ

উপরোক্ত বাড়ীর নামানুর করনের প্রয়োজনীয় ফিস জমা সাপেক্ষে নামানুরের অনুমোদন দেওয়া হলো।

প্রসূাব নং-১৬ঃ

কামার পট্টিতে জায়গা বরাদ্দ করণঃ

ক্যান্টনমেন্ট সুপার মার্কেটের কামার পট্টি এলাকায় ১০' X ১৫' সাইজের দুইটি খালি জায়গা অস্থায়ী ভিত্তিতে বরাদ্দের জন্য নিম্নে বর্ণিত আবেদন জানাইয়াছেন। পরবর্তী সিদ্ধান্তের জন্য আবেদন পত্রদ্বয় উপস্থাপন করা হইল।

একমিক নং নাম ও ঠিকানা

আবেদনের তারিখঃ

১। জনাব মোঃ মোতসর হোসেন,  
পিতা-মৃত মাজহারুল ইসলাম,  
গ্রাম-আজিমপুর, উপজেলা-সন্দ্বীপ,  
জেলা-চট্টগ্রাম।

১০-৯-৯১ ইং।

২। জনাব মোঃ জাহাঙ্গীর আলম,  
পিতা-মোঃ আজিম উদ্দিন কর্মকার,  
গ্রাম-জানকিখিলা, পোষ্ট-ভোটপুর বাজার,  
উপজেলা-প্রীরদি, জেলা-শেরপুর।

০১-২-৯২ ইং।

গৃহীত সিদ্ধান্তঃ

বিষয়টি পরবর্তীতে পেশ করার সিদ্ধান্ত গৃহীত হলো।

প্রসূাব নং-১৭ঃ ক্যান্টনমেন্ট সুপার মার্কেট কমিটি প্রসংগেঃ

গত ২০-৯-৯০ ইং তারিখে অনুষ্ঠিত বোর্ড সভার ৮ নং সিদ্ধান্ত অনুযায়ী গঠিত কমিটি কর্তৃক ক্যান্টনমেন্ট সুপার মার্কেট কমিটি গঠন করিয়া অত্র দপ্তরের ০৫-১-৯১ ইং তারিখের চাক্যবো/ক্যঃসুঃমাঃ/মাঃকঃ/১/৮৮ নং পত্রের মাধ্যমে সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হইয়াছিল। বর্তমান অবস্থার প্রেক্ষিতে ক্যান্টনমেন্ট সুপার মার্কেট কমিটি সংগনু বিষয়ে আলোচনা ও গুনঃ সিদ্ধান্ত গ্রহন করা।

গৃহীত সিদ্ধান্তঃ

ক্যান্টনমেন্ট সুপার মার্কেট কমিটির সহ-সভাপতি জনাব আবু হেনা মোসুফা কামাল সুপন ক্যান্টনমেন্ট বোর্ডের বিদ্যা অনুমতিতে বিগত ০৫-১-৯১ ইং তারিখে ক্যান্ট বোর্ড কর্তৃক গঠিত কমিটি "বাতিল" করিয়া ২৪-৩-৯২ ইং তারিখে তথাকথিত "এডহক" কমিটি গঠন করায় সভায় গভীর অসন্তোষ প্রকাশ করা হয়। সুপার মার্কেটের কতিপয় সদস্যের বিরুদ্ধে আনীত দুর্নীতির অভিযোগ সম্পর্কে সভায় বিস্তারিত আলোচনায় নিম্ন বর্ণিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয় :-

(ক) বিগত ২৪-৩-৯২ ইং তারিখে গঠিত তথাকথিত "এড-হক কমিটি" বাতিল করা গেল।

(খ) আগামী ২৮-৪-৯২ ইং তারিখের মধ্যে সুপার মার্কেটের একটি নূতন কমিটি গঠনের প্রসূাব পেশ করার জন্য নিম্ন বর্ণিত ভাবে একটি উপ-কমিটি গঠন করা গেল :-

ফ্লাঃ লেঃ আবদুর রশিদ (অবঃ) - সভাপতি।  
সম্মানিত সদস্য, ক্যান্টনমেন্ট বোর্ড।

মেজর মোঃ সামসুল হক, এ এম সি, - সদস্য।  
সম্মানিত সদস্য, ক্যান্টনমেন্ট বোর্ড।

জনাব মোঃ আবদুল করিম, সি ই ও, - সদস্য।

১X জেসিও, ১৩ এম্ পি ইউনিটা - সহযোগী সদস্য।

১X জেসিও সদর দপ্তর, লগ এরিয়া, - সহযোগী সদস্য।

উক্ত কমিটি বাজারের বিভিন্ন ব্লক হইতে আনুপাতিক হারে ৩৫ জন সদস্যের নাম পেশ করিবেন এবং বাজার কমিটির একটি গঠনতন্ত্র চূড়ান্ত করিবেন।

(গ) বাজারের নূতন কমিটি গঠিত না হওয়া পর্যন্ত পূর্বতন কমিটি বহাল থাকিবে। তবে উক্ত সময়ে কমিটির সেক্রেটারী ও সৎ-সেক্রেটারী কোন লেনদেন করিবেন না। যাবতীয় লেনদেন কমিটির সভাপতি কর্তৃক পরিচালিত হইবে।

(ঘ) নূতন প্রসূাবিত কমিটির মেয়াদ হইবে ২(দুই) বৎসর।

(ঙ) পূর্বতন কমিটির যাবতীয় আয়/ব্যয়ের হিসাব নিরীক্ষার জন্য নিম্ন বর্ণিত নিরীক্ষা কমিটি গঠন করা গেল :-

কমান্ডার টি আই এম নরুন্ন নবী (অবঃ) - সভাপতি।  
বিউ ডি ও এইচ এস মহাবালীর সম্মানিত প্রতিনিধি সদস্য,  
ক্যান্টনমেন্ট বোর্ড।

মাঃ ওয়ারেন্ট অফিসার আবদুস সোবহান (অবঃ) - সদস্য।  
দোকান নং- ১/৭৩, ক্যান্টনমেন্ট সুপার মার্কেট - সদস্য।

সবেদার শহীদুল্লাহ (অবঃ) - সদস্য।  
দোকান নং- ১/৯৯, ক্যান্টনমেন্ট সুপার মার্কেট - সদস্য।

১X একাউন্টস ক্লার্ক, স্টেশন সদর দপ্তর - সদস্য।

উক্ত কমিটি ২৮শে এপ্রিল, ৯২ ইং তারিখের মধ্যে তাঁহাদের নিরীক্ষা প্রতিবেদন ক্যান্টনমেন্ট বোর্ডে পেশ করিবেন এবং কোন দুর্নীতি পরিলক্ষিত হইলে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের সুপারিশ করিবেন।

প্রস্তাব নং-১৮ঃ

বিবিধঃ

ক) অধিদপ্তরের ১০-৪-১২ ইং তারিখের ১৭/এমএলএনডসি/পিএফ/২০/০৯ নং পত্রের আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

খ)

খ) পুরাতন সি,এস,টি,আই,সংলগ্ন স্থানে জেরা ক্রসিং সম্পর্কে আলোচনা। এতদসংক্রান্ত বিমান বাহিনী হইতে প্রাপ্ত পত্র উপস্থাপন করা হলো।

গ) কয়েকটি স্থানে হর্ণ বা বাজানোর সাইন বোর্ড স্থাপন সম্পর্কে আলোচনা। এতদসংক্রান্ত বিমান বাহিনী হইতে প্রাপ্ত পত্র উপস্থাপন করা হলো।

ঘ) ক্যান্ট বাজার এলাকাস্থ ৬৮/সি বাড়ীর পোর্চ নির্মানের প্লান অনুমোদন করণ।

ঙ) মহাখালী ডি ও এইচ এস ৩৪৪ নং প্লটের বরাদ্দলাভকারী লেঃ কর্নেল আব্দুর রাশেদ লস্কর এর বাড়ীর প্লান অনুমোদন করণ।

গৃহীত সিদ্ধান্তঃ

ক) ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড বাংলাদেশের সর্ববৃহত্তম বোর্ড হিসাবে ইহার কার্যক্রম ও গুরুত্ব অপরিণীয়। অন্যান্য ক্যান্টনমেন্ট বোর্ডের তুলনায় অত্র বোর্ডের কাজের পরিধি কয়েকগুন এবং কাজের পরিমান দিন দিন বৃদ্ধি পাইতেছে। সংস্থাপন/প্রশাসনিক বিভাগের বিগত কয়েক বৎসর ধরিয়ী কেবল মাত্র ১ জন অফিস সুপারিনটেনডেন্ট এর পদ রহিয়াছে এবং তিনি কাজ চালাইয়া আসিতেছেন। ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের কাজের পরিধি ও গুরুত্ব বিবেচনা পূর্বক সহকারী সচিব গ্রেড-১ এবং সহকারী সচিব গ্রেড-২ এই দুইটি পদ সৃষ্টির প্রস্তাব করা যাইতেছে।


খ) উপরোক্ত স্থানে জেরা ক্রসিং স্থাপনের সিদ্ধান্ত গৃহীত হলো।


গ) একদু্যপারে স্থান নির্বাচন পূর্বক প্রয়োজনীয় সংখ্যক " হর্ণ বাজানো নিষেধ" সাইন বোর্ড স্থাপনের সিদ্ধান্ত গৃহীত হলো।

ঘ) ক্যান্টঃ বাজার এলাকাস্থ ৬৮/সি নং বাড়ীর সীমানা সংক্রান্ত ব্যাপারে একটি তদন্ত কমিটি উক্ত বিষয়ে তদন্ত কাজে নিয়োজিত রহিয়াছে এবং উহার রিপোর্ট চূড়ান্ত হয় নাই। এই কারণে পোর্চ নির্মানের প্লানটি অনুমোদন করা গেল না।

ঙ) মহাখালী ডি ও এইচ এস এলাকার ৩৪৪ নং প্লটের মালিক লেঃ কর্নেল আব্দুর রাশেদ লস্কর এর বাড়ীর প্লান অনুমোদন করা হলো।

উপস্থিত সদস্যদিগকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার কাজ শেষ করেন।

  
< মোঃ আবদুল করিম >  
সেক্রেটারী,  
ক্যান্টনমেন্ট বোর্ড, ঢাকা ক্যান্টনমেন্ট।

  
< কর্নেল যবিকুলজামান খান, পিএসসি, >  
প্রেসিডেন্ট  
ক্যান্টনমেন্ট বোর্ড, ঢাকা ক্যান্টনমেন্ট।